

দ্বিতীয় অধ্যায় গৃহ পরিবেশের নিরাপত্তা

জ্ঞানমূলক প্রশ্নের উত্তরঃ

প্রশ্ন : ১। নাড়ির গতি কাকে বলে?

উত্তরঃ আমাদের হৃদপিণ্ডের স্পন্দনের তালে তালে রক্তবাহী ধমনীগুলো নিয়মিতভাবে স্ফীত হওয়ার হারকে নাড়ির গতি বলে।

প্রশ্ন : ২। ফাস্ট এইড বক্স কাকে বলে?

উত্তরঃ প্রাথমিক চিকিৎসার সরঞ্জামাদি যে বাক্সে রাখা হয় তাকে ফাস্ট এইড বক্স বলে।

প্রশ্ন : ৩। হৃদপিণ্ডের অস্বাভাবিকতায় কী হয়?

উত্তরঃ হৃদপিণ্ডের অস্বাভাবিকতায় নাড়ির গতি বেড়ে যায়।

প্রশ্ন : ৪। অজ্ঞান রোগীর জ্ঞান ফিরলে কী খাওয়াতে হয়?

উত্তরঃ অজ্ঞান রোগীর জ্ঞান ফিরলে তাকে গরম দুধ বা শরবত খাওয়াতে হবে।

প্রশ্ন : ৫। ছোট দুর্ঘটনা কাকে বলে?

উত্তরঃ যে দুর্ঘটনাগুলো ঘটলে মারাত্মক আকার ধারণ করে না এবং প্রাথমিক চিকিৎসা দিয়েই সারিয়ে তোলা সম্ভব হয় সেগুলোকে ছোট দুর্ঘটনা বলা হয়।

প্রশ্ন : ৬। সাপে কাটা রোগীর বাধন কত মিনিটের বেশি রাখা যাবে না?

উত্তরঃ সাপে কাটা রোগীর বাধন ৩০ মিনিটের বেশি রাখা যাবে না।

প্রশ্ন : ৭। তড়িতাহত হওয়ার সাথে সাথে কী করতে হবে?

উত্তরঃ তড়িতাহত হওয়ার সাথে সাথে মেইন সুইচ বন্ধ করে দিতে হবে।

প্রশ্ন : ৮। ঔষধ ও কীটনাশক কাদের নাগালের বাইরে রাখতে হবে।

উত্তরঃ ঔষধ ও কীটনাশক শিশুদের নাগালের বাইরে রাখতে হবে।

অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

প্রশ্ন : ১। প্রাথমিক চিকিৎসা বলতে কী বুঝায়?

উত্তরঃ হঠাৎ করে কোনো দুর্ঘটনা ঘটায় সাথে সাথে চিকিৎসকের কাছে যাওয়ার আগে যে জ্ঞান ও দক্ষতা দ্বারা আহত ব্যক্তির জীবন রক্ষা বা তাকে সাময়িক আরাম দেওয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয় তাকেই প্রাথমিক চিকিৎসা বলে।

প্রশ্ন : ২। বড় দুর্ঘটনা বলতে কী বোঝায়?

উত্তরঃ যে সকল দুর্ঘটনায় মানুষ মারাত্মকভাবে বড় দুর্ঘটনাবলে। এসব মৃত্যুবুঝি থাকে সেসব দুর্ঘটনাকে বড় দুর্ঘটনা বলে। এসব দুর্ঘটনায় প্রাথমিক চিকিৎসা ক্ষতির হাতে দুর্ঘটনাগুলো হচ্ছে অজ্ঞান হওয়া আঙুনে পোড়া সাপে কাটা হাড় ফোটা ও ভেঙ্গে যাওয়া পানিতে ডোবা তড়িতাহত হওয়া ইত্যাদি।

প্রশ্ন : ৩। ফাস্ট এইড বক্স বলতে কী বোঝায়?

উত্তরঃ ফাস্ট এইড বক্স হলো এমন একটি বক্স যেখানে প্রাথমিক চিকিৎসার সরঞ্জামাদি রাখা হয়। এ বক্স নিরাপদ স্থানে রেখে দিতে হয়। ফলে কোনো দুর্ঘটনা ঘটে সহজে হাতের কাছে পাওয়া যায় এবং দুর্ঘটনা কবলিত ব্যক্তিকে আরাম দেওয়া যায়।

প্রশ্ন : ৪। গৃহ পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন ও পরিপাটি থাকা প্রয়োজন কেন?

উত্তরঃ গৃহের সকল কাজ সুষ্ঠুভাবে সম্পাদন নিরাপদে চলাফেরা আরামও বিশ্রামের জন্যই গৃহ পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন ও পরিপাটি থাকা প্রয়োজন। এরকম গৃহ পরিবেশ বজায় রাখলে গৃহ নিরাপদ আশ্রয়স্থলে পরিনত হয়। আর গৃহ পরিবেশ নিরাপদ না থাকলে নানা ধরনের দুর্ঘটনার সম্ভাবনা থাকে।

প্রশ্ন : ৫। প্রাথমিক চিকিৎসার উদ্দেশ্যে কী?

উত্তরঃ প্রাথমিক চিকিৎসার উদ্দেশ্যে তাৎক্ষণিকভাবে আহত ব্যক্তিকে আরাম প্রদান করা। আহত ব্যক্তির জীবন রক্ষা করে রোগীর অবস্থা যাতে আর খারাপের দিকে না যায় সে লক্ষ্যেই প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

প্রশ্ন : ৬। গলায় কিছু আটকে গেলে করণীয় কী ব্যাখ্যা কর।

উত্তরঃ গলায়মাছের কাটা হাড়ের টুকরা আটকে গেলে শুকনা ভাত মুঠা করে না চিবিয়ে গিলে খেলে কাটা নেমে যায়। পাকা কলা খেলেও কাটা নেমে যায়। এছাড়া প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

প্রশ্ন : ৭। কোন ধরনের দুর্ঘটনা ডাক্তারদের কাছে না গিয়েই সারিয়ে তোলা যায় ব্যাখ্যা কর।

উত্তরঃ ছোট দুর্ঘটনা ডাক্তারের কাছে না গিয়েই সারিয়ে তোলা যায়। যে দুর্ঘটনাগুলোঘটলে মারাত্মক আকার ধারণ করে না প্রাথমিক চিকিৎসা দিয়ে সহজেই সারিয়ে তোলা সম্ভব হয় সেগুলোকে ছোট দুর্ঘটনা বলে। ছোটআঘাত কেটে যাওয়া কীটপতঙ্গের দংশন কাটা ফুটে যাওয়া গলায় কিছু পড়া কানে কিছু ঢুকে যাওয়া ইত্যাদি ছোট দুর্ঘটনার উদাহরণ।